

পল্লী প্রগতি প্রকল্প
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা।

স্মারকঃ পপ্রপ্র/অর্থ/ব্যাংকসম-৪৫৫(অংশ-১)/২০১৩/১৮৫

তারিখঃ ১৪.০১.১৫ খ্রিঃ

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড


বিষয়ঃ পল্লী প্রগতি প্রকল্পের সুফলভোগীদের সঞ্চয় ফেরতের তথ্য প্রদান।
সূত্রঃ প্রকল্প সদর কার্যালয়ের স্মারক নং- ১৩১, তারিখ- ৩/১১/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি ব্যাংক/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক হতে পল্লী প্রগতি প্রকল্পের সুফলভোগীদের সঞ্চয় ফেরতের তথ্য সংক্রান্ত প্রতিবেদন নিম্ন বর্ণিত ছকে বিগত ২০/১১/২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ করা হয়েছিলঃ

ক্রঃ নং	উপজেলার নাম	সংশ্লিষ্ট ব্যাংক শাখার নাম	ডিসেম্বর/০৮ পর্যন্ত ব্যাংকের নিকট প্রাপ্য সঞ্চয়ের পরিমাণ	ব্যাংক হতে প্রাপ্ত সঞ্চয়ের পরিমাণ	ব্যাংকে অবশিষ্ট সঞ্চয়ের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬ (৪-৫)	৭

কিন্তু আপনার জেলা হতে চাহিত প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি, বিষয়টি দুঃখজনক। উক্ত প্রতিবেদন না পাওয়ায় বিষয়টি নিষ্পত্তির জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সাথে পরবর্তী পদক্ষেপ গ্রহন করা যাচ্ছে না।

এমতাবস্থায়, আগামী ২৫/১/২০১৫ তারিখের মধ্যে প্রকল্পের সুফলভোগীদের সঞ্চয় ফেরত সংক্রান্ত প্রতিবেদন জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।


(মোঃ রফিকুল ইসলাম)
প্রকল্প পরিচালক
পল্লী প্রগতি প্রকল্প, ঢাকা
ফোনঃ ৮১৮০০৪৪।